# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৭৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৯]

৩. কিতাবুল ইলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ ইল্ম শিক্ষার জন্য শিক্ষকের নিকট পালাক্রমে গমণ করা

## باب التَّنَاوُبِ فِي الْعِلْمِ

আরবী

৭৮ـ عَنْ عُمَرَ قَالَ: كُنْتُ أَنَا وَجَارٌ لِي مِنَ الأَنْصَارِ فِي بَنِي أُمَيَّةَ ابْنِ زَيْدٍ وَهِيَ مِنْ عَوَالِي الْمَدِينَةِ، وَكُنَّا نَتَنَاوَبُ النُّزُولَ عَلَى رَسُولِ اللَّهِ يَنْزِلُ يَوْمًا، وَأَنْزِلُ يَوْمًا، فَإِذَا نَزَلْتُ جِئْتُهُ بِخَبَرِ ذَلِكَ الْيَوْمِ مِنَ الْوَحْيِ وَغَيْرِهِ، وَإِذَا نَزَلَ فَعَلَ مِثْلَ ذَلِكَ، فَنَزَلَ صَاحِبِي الأَنْصَارِيُّ يَوْمَ نَوْبَتِهِ فَضَرَبَ بَابِي ضَرْبًا شَدِيدًا، فَقَالَ: أَثَمَّ هُوَ، فَفَزِعْتُ فَخَرَجْتُ إِلَيْهِ، فَقَالَ: قَدْ حَدَثَ أَمْرٌ عَظِيمٌ، قَالَ: فَدَخَلْتُ عَلَى حَفْصَةَ، فَإِذَا هِيَ تَبْكِي، فَقُلْتُ: أَطَلَّقَكُنَّ رَسُولُ اللَّهِ ؟ قَالَتْ: لا أَدْرِي، ثُمَّ دَخَلْتُ عَلَى النَّبِيِّ فَقُلْتُ وَأَنَا قَائِمٌ: أَطَلَّقْتَ نِسَاءَكَ؟ قَالَ لا. فَقُلْتُ: اللَّهُ أَكْبَرُ

বাংলা

৭৮) উমার (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ আমি এবং আমার এক আনসারী প্রতিবেশী- যিনি বনী উমাইয়া বিন যায়েদ গোত্রের লোক ছিলেন আর বনী উমাইয়া বিন যায়েদের লোকেরা মদীনার নিকটবর্তী আওয়ালী নামক এলাকার বাসিন্দা ছিলেন। আমি এবং আমার আনসারী প্রতিবেশী ইল্ম শিক্ষার জন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর নিকট পালাক্রমে আগমণ করতাম। একদিন সে গমণ করত আর অন্য দিন আমি গমণ করতাম। যে দিন আমি যেতাম সেদিন কোন অহী নাযিল হলে বা অন্য কোন খবরাদি থাকলে তা নিয়ে এসে আনসারীকে বলে দিতাম। আর যেদিন তিনি যেতেন আমার অনুরূপ করতেন। অর্থাৎ সেদিনের খবর নিয়ে আমার কাছে আসতেন। (একদা) আমার আনসারী বন্ধু তাঁর নির্ধারিত দিনে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দরবারে গেলেন। ফিরে এসে তিনি আমার ঘরের দরজায় খুব জোরে আঘাত করলেন। আতঙ্কিত অবস্থায় আমি তাঁর কাছে গেলাম। তিনি বললেনঃ বিরাট একটি ঘটনা ঘটে গেছে। তার কথা শুনে আমি হাফসার ঘরে প্রবেশ করলাম। দেখলাম সে ক্রন্দন করছে। আমি বললামঃ আল্লাহর রাসূল কি তোমাদেরকে তালাক দিয়েছেন? তিনি বললেনঃ আমি জানিনা। অতঃপর আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর নিকট গিয়ে দাঁড়ানো অবস্থায়ই তাঁকে জিজ্ঞেস করলামঃ আপনি কি আপনার স্ত্রীদেরকে তালাক দিয়েছেন? তিনি বললেনঃ না। (এতে আমি খুশী হয়ে) আল্লাহু আকবার বললাম।

## English

To fix the duties in rotation for learning (religious) knowledge

Narrated `Umar:

My Ansari neighbor from Bani Umaiya bin Zaid who used to live at `Awali Al-Medina and used to visit the Prophet (ﷺ) by turns. He used to go one day and I another day. When I went I used to bring the news of that day regarding the Divine Inspiration and other things, and when he went, he used to do the same for me. Once my Ansari friend, in his turn (on returning from the Prophet), knocked violently at my door and asked if I was there." I became horrified and came out to him. He said, "Today a great thing has happened." I then went to Hafsa and saw her weeping. I asked her, "Did Allah's Messenger (ﷺ) divorce you all?" She replied, "I do not know." Then, I entered upon the Prophet (ﷺ) and said while standing, "Have you divorced your wives?" The Prophet (ﷺ) replied in the negative. On that I said, "Allahu-Akbar (Allah is Greater)." (See Hadith No. 119, Vol. 3 for details)

### ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ৮৯
ইসলামিক সেন্টারঃ ৮৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88773

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন